# SOP (Standard Operating Procedure)

| | | | |
|---|---|---|---|
| **SOP'র নাম** | | **বিদেশে জাহাজ হতে চুক্তিপত্রে সাইন অন সম্পাদনকারী পলাতক সীফ্যারার সংশ্লিষ্ট কার্যক্রম সংক্রান্ত SOP** | |
| পৃষ্ঠা | ৪ | SOP নং | |
| SOP অনুমোদনকারী | নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা | অনুমোদনের তারিখ | |
| SOPব্যবহারকারী | সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম | বাস্তবায়নের তারিখ | |

## ১. উদ্দেশ্য:

SOP তৈরীর মূল উদ্দেশ্য হচ্ছে অত্র অফিসের চুক্তিপত্র বা আর্টিকেলস অব এগ্রিমন্টেস এ স্বাক্ষর করে জাহাজে যোগদানের পর বিদেশী বন্দরে অথবা জাহাজে যোগদানের উদ্দেশ্যে বিদেশে অবস্থানরত অবস্থায় পলাতক সীফ্যারার এর সিডিসি বাতিল ও মামলা প্রদান সংশ্লিষ্ট কার্যক্রমকে একটি সুনির্দিষ্ট ব্যবস্থাপনার অধীনে পরিচালনা করার মাধ্যমে সেবার উৎকর্ষতাসাধন ও সহজীকরন করা।

## ২. লক্ষ্য:

SOP তৈরীর লক্ষ্য হচ্ছে অত্র অফিসের চুক্তিপত্র বা আর্টিকেলস অব এগ্রিমন্টেস এ স্বাক্ষর করে জাহাজে যোগদানের পর বিদেশী বন্দরে অথবা জাহাজে যোগদানের উদ্দেশ্যে বিদেশে অবস্থানরত অবস্থায় পলাতক সীফ্যারার এর সিডিসি বাতিল ও মামলা প্রদান সংশ্লিষ্ট কার্যক্রমের কর্তৃপক্ষ হিসেবে শিপিং মাস্টার, সরকারি সমুদ্র পরিবহন অফিস ও তাঁর অধীন কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের দায়িত্ব নিশ্চিতকরনের মাধ্যমে সম্পূর্ন প্রক্রিয়াটিতে ধারাবাহিকতা, গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা।

**যোগাযোগের ঠিকানা:**


**শিপিং মাস্টার**

সরকারি সমুদ্র পরিবহন অফিস

সরকারি কার্যভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম।

ফোন: ৮৮০-৩১-৭২৩৭৫৪

ইমেইল: gso@gso.gov.bd

ওয়েবসাইট: www.gso.gov.bd


## ৩. বিদেশী বন্দরে জাহাজ হতে পলাতক সীফ্যারার এর জন্য বাংলাদেশী আইন ও বিধি

চুক্তিপত্র বা আর্টিকেলস অব এগ্রিমন্টেস এ স্বাক্ষর করে জাহাজে যোগদানের পর বিদেশী বন্দরে অথবা জাহাজে যোগদানের উদ্দেশ্যে বিদেশে অবস্থানরত অবস্থায় পলাতক সীফ্যারার এর সিডিসি বাতিল সহ মামলা প্রদান করা হয়। উক্ত কার্যক্রম বাংলাদেশ

মার্চেন্ট শিপিং অধ্যাদেশ ১৯৮৩ এর ধারা ১০৯ (১), সংশোধিত বাংলাদেশ মার্চেন্ট শিপিং এ্যাক্ট-২০০৪ এর ধারা ৩ এবং বাংলাদেশ সমুদ্র পরিবহন (নাবিক নিয়োগ) বিধিমালা ২০০১ এর বিধি ২২(২) (চ) মোতাবেক সিডিসি বাতিলসহ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়।

## ৪. বিদেশী বন্দরে জাহাজ হতে পলাতক সীফ্যারার এর ক্ষেত্রে গৃহীত কার্যক্রম, সময় ও বাস্তবায়নকারী

| ক্রমিক | কার্যক্রম | সময় | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | জাহাজ মালিক অথবা লাইসেন্সপ্রাপ্ত ম্যানিং এজেন্ট হতে অত্র অফিসের চুক্তিপত্রে স্বাক্ষরকারী বিদেশী বন্দর হতে পলায়নকৃত সীফ্যারার এর সকল কাগজপত্র, জাহাজ মাস্টার প্রদত্ত লগবুক সহ লিখিত অভিযোগ জমা প্রদান। | রিয়েল টাইম | জাহাজ মালিক বা তার প্রতিনিধি বা স্থানীয় ম্যানিং এজেন্ট |
| ০২ | লগবুক ও অন্যান্য ডকুমেন্টস সহ প্রাপ্ত অভিযোগপত্রটি শিপিং মাস্টার কর্তৃক স্বাক্ষর প্রদান ও ডেসপাসে প্রেরণ | ৩০ মিনিট | শিপিং মাস্টার<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৩ | অভিযোগপত্রে ডেসপাচ শাখা হতে ডায়েরী নম্বর প্রদান এবং সিডিসি শাখায় প্রেরণ | ২০ মিনিট | দায়িত্বশীল কর্মচারী, ডেসপাস শাখা,<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৪ | জাহাজ মালিক অথবা ম্যানিং এজেন্ট হতে পলায়নকৃত সীফ্যারার এর জমাকৃত তথ্যাদি ও ডকুমেন্টস যাচাইকরন। | ১ ঘন্টা | দায়িত্বশীল কর্মচারী, সিডিসি শাখা<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৫ | পলায়নকৃত সীফ্যারার যে আর্টিকেলস অব এগ্রিমেন্টসে সাইন অন করেছে সেখানে পলায়নের বিষয়ে নোট প্রদান | ২০ মিনিট | দায়িত্বশীল কর্মচারী, সিডিসি শাখা/ সাইন অন সংশ্লিষ্ট শাখা<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৬ | জাহাজ মালিক অথবা ম্যানিং এজেন্ট হতে প্রাপ্ত অভিযোগ যাচাই সম্পন্ন করে তা বিস্তারিত উল্লেখ করে পলাতক সীফ্যারারকে কারন দর্শানোর জন্য স্মারক প্রদান করে ই-নথি উপস্থাপন | ৩০ মিনিট | দায়িত্বশীল কর্মচারী, সিডিসি শাখা<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৭ | শিপিং মাস্টার কর্তৃক নথি অনুমোদন ও পলাতক সীফ্যারারের বিরুদ্ধে ২১ (একুশ) দিনের সময় প্রদান করে কারন দর্শানোর স্মারক জারী করন। | ৩০ মিনিট | শিপিং মাস্টার<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৮ | পলাতক সীফ্যারারের গ্যারান্টর (প্রযোজ্য ক্ষেত্রে) কে কারন দর্শানোর নোটিশ প্রদান করে পত্র ই-নথিতে উপস্থাপন | ৩০ মিনিট | দায়িত্বশীল কর্মচারী, সিডিসি শাখা<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ০৯ | শিপিং মাস্টার কর্তৃক নথি অনুমোদন ও গ্যারান্টর (প্রযোজ্য ক্ষেত্রে) বরাবর কারন দর্শানোর নোটিশ | ৩০ মিনিট | শিপিং মাস্টার<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ১০ | পলায়নকৃত সীফ্যারার এর নিকট ২১ দিনের মধ্যে স্মারক এর জবাব পাওয়া না গেলে সিডিসি বাতিল করার নোটিশ ই-নথির মাধ্যমে উপস্থাপন | ১ ঘন্টা | দায়িত্বশীল কর্মচারী, সিডিসি শাখা<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ১১ | শিপিং মাস্টার কর্তৃক নথি অনুমোদন ও সিডিসি বাতিল করার নোটিশ জারী। উল্লেখ্য, এই আদেশের বিরুদ্ধে সীফ্যারার ৯০ (নব্বই) দিনের মধ্যে মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর | ১ ঘন্টা | শিপিং মাস্টার<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |

| ক্রমিক | কার্যক্রম | সময় | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | বরাবর আপীল করতে পারবেন। | | |
| ১২ | পলাতক সীফ্যারারের নাম সংশ্লিষ্ট রেজিস্টারে উত্তোলন | ৩০ মিনিট | দায়িত্বশীল কর্মচারী, সিডিসি শাখা<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ১৩ | সিডিসি বালাম বইয়ে সংশ্লিষ্ট পাতায় পলাতক সিল প্রদান এবং সিডিসি বাতিলের সিল প্রদান করে শিপিং মাস্টার কর্তৃক স্বাক্ষর গ্রহণ | ৩০ মিনিট | দায়িত্বশীল কর্মচারী, সিডিসি শাখা ও শিপিং মাস্টার<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ১৪ | অনলাইন ডাটাবেইজে পলাতক সীফ্যারারের তথ্য Deserter হিসেবে পৃথক ফোল্ডারে প্রেরণ এবং অনলাইন হতে তার মুছে ফেলা হয়। | ৩০ মিনিট | অপারেটর ও এডমিন, সিডিসি ডাটাবেজ,<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ১৫ | পলাতক সীফ্যারারের নাম, ঠিকানা ও ছবিসহ বিজ্ঞপ্তি অত্র অফিসের নোটিশ বোর্ডে উপস্থাপন | ১ ঘন্টা | দায়িত্বশীল কর্মচারী, সিডিসি শাখা<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ১৬ | পলাতক সীফ্যারার (ক্রু) এর ক্ষেত্রে তার হিসাবে জমাকৃত ডেফার্ড-ক্রেডিট ও গ্র্যাচুইটির অর্থ বাজেয়াপ্ত করে রূপালী ব্যাংক লি: কে পত্র প্রেরণের জন্য নথি উপস্থাপন | ৩০ মিনিট | দায়িত্বশীল কর্মচারী, হিসাব শাখা<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ১৭ | শিপিং মাস্টার কর্তৃক নথি অনুমোদন ও রূপালী ব্যাংক লি: বরাবর পত্রজারী | ১০ মিনিট | শিপিং মাস্টার<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |
| ১৬ | প্রচলিত আইন ও বিধি মোতাবেক পলাতক সীফ্যারার ও তার গ্যারান্টর (প্রযোজ্য ক্ষেত্রে) নৌ আদালত, ঢাকায় মামলা দায়ের | --- | শিপিং মাস্টার<br>সরকারি সমুদ্র পরিবহন অফিস |

## ৫. পলাতাক সীফ্যারার সংশ্লিষ্ট ফাইল, রেজিস্টার, চুক্তিপত্র ও বালাম বই সংরক্ষন

পলাতক সীফ্যারার সংশ্লিষ্ট সকল কার্যক্রম নির্ধারিত ফাইলে উপস্থাপন করে শিপিং মাস্টারের অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করা হয়। তাছাড়া পলাতক সীফ্যারারের বিরুদ্ধে নৌ-আদালতে মামলা দায়ের করা হয়। উক্ত মামলায় চুক্তিপত্র প্রয়োজন হয় বিধায় সংশ্লিষ্ট ফাইল ও চুক্তিপত্র মামলা নিষ্পত্তি পর্যন্ত সংরক্ষন করা হয়। পলাতক সীফ্যারার সংশ্লিষ্ট সিডিসি বালাম ও রেজিস্টার সিডিসি শাখায় সংরক্ষন করা হয়।

## ৬. রেফারেন্সঃ

ক. বাংলাদেশ মার্চেন্ট শিপিং অধ্যাদেশ ১৯৮৩

খ. সংশোধিত বাংলাদেশ মার্চেন্ট শিপিং এ্যাক্ট-২০০৪

গ. বাংলাদেশ সমুদ্র পরিবহন (নাবিক নিয়োগ) বিধিমালা ২০০১

ঘ. কোড অব ক্রিমিনাল প্রসিডিউর-১৮৯৮

## ১০. সংজ্ঞাঃ

- “সরকার” অর্থ নৌপরিবহন মন্ত্রণালয়
- “অধিদপ্তর” অর্থ Bangladesh Merchant Shipping Ordinance-1983 (Ordinance No. XXVI of 1983) এর অধীন স্থাপিত নৌপরিহন অধিদপ্তর;
- “সরকারি সমুদ্র পরিবহন অফিস” অর্থ Bangladesh Merchant Shipping Ordinance-1983 (Ordinance No. XXVI of 1983) এর অধীন স্থাপিত সরকারি সমুদ্র পরিবহন অফিস বা Government Shipping Office ;
- “মহাপরিচালক” অর্থ নৌপরিহন অধিদপ্তরের মহাপরিচালক
- “শিপিং মাস্টার” অর্থ সরকারি সমুদ্র পরিবহন অফিসের শিপিং মাস্টার
- “BMSO” অর্থ Bangladesh Merchant Shipping Ordinance-1983
- “BMSA” অর্থ Bangladesh Merchant Shipping (Amendment) Act-2004
- “CDC” অর্থ Continuous Discharge Certificate
- “Operator” অর্থ CDC website Online Operator
- “Admin” অর্থ CDC website Online Admin

তারিখঃ

মহাপরিচালক

নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা